

পরীক্ষাকেন্দ্রে দায়িত্বে অবহেলা শিক্ষকদের জেল-জরিমানা

■ সমকাল ডেস্ক

এসএসসি ও দাখিল পরীক্ষায় ফুলবাড়িয়া, গজারিয়া, চাঁদপুর ও বাঞ্ছারামপুরে দায়িত্বে অবহেলার কারণে শিক্ষক-পরীক্ষার্থীদের বহিষ্কার ও জেল-জরিমানা করা হয়েছে। প্রতিনিধিদের পাঠানো খবর:

ফুলবাড়িয়া (ময়মনসিংহ): ফুলবাড়িয়ার আলহেরা একাডেমি উচ্চ বিদ্যালয়ের দাখিল পরীক্ষাকেন্দ্রে ইংরেজি প্রথম পত্র পরীক্ষায় দায়িত্বে অবহেলার দ্বয়ে কান্দাপড়া দাখিল মাদ্রাসার সহসুপার হারুন অর রশিদ, কৈয়ারচালা দাখিল মাদ্রাসার সহ-সুপার আবদুল কুদ্দুছ, পলাশতলী বেনজির পাড় দাখিল মাদ্রাসার শিক্ষক রহিম উদ্দিন ও ছনকান্দা মাদ্রাসার ছাত্র জয়নাল আবেদীনকে বহিষ্কার করা হয়।

গজারিয়া (মুলীগঞ্জ): উপজেলার ভবেরচর এলাকার দুটি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠানে বিয় হটানোর অপরাধে ভ্রাম্যমাণ আদালত দু'জনকে ১২ হাজার টাকা জরিমানা অনাদায়ে দেড় মাসের কারাদণ্ড দেন। এরা হলেন- ভবেরচর ওয়াজীর আলী উচ্চ বিদ্যালয় কেন্দ্রের মো. রুস্তম আলী ও কলিমউল্লা ডিগ্রি কলেজ উপকেন্দ্রের মো. ফারুক হোসেন।

চাঁদপুর: দায়িত্বে অবহেলার অভিযোগে গুর্জবর চাঁদপুরের কচুয়ায় ৭ শিক্ষককে অব্যাহতি দেওয়া হয়েছে। তারা হলেন- নুরপুর ল্যাবরেটরি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মো. রবিউল হোসেন, বুরগী উচ্চ বিদ্যালয়ের মো. বিমলা হোসেন এবং রহমানগর বিএবি উচ্চ বিদ্যালয় কেন্দ্রের আশাফপুর আহমাদিয়া উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মো. ইমাম হোসেন, জগতপুর উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ভূইয়া স্যোমাজ্জেম হোসেন, একই বিদ্যালয়ের শিক্ষক নাজমুল নাহার ভূইয়া, ফারুক হোসেন পাটোয়ারী ও চাঁপাতলী লতিফিয়া সিনিয়র মাদ্রাসার শিক্ষক মো. জালাল হোসেন।

বাঞ্ছারামপুর (ব্রাহ্মণবাড়িয়া): উপজেলায় এসএসসি পরীক্ষায় নকল করার দায়ে রূপসদী বন্দাবন উচ্চ বিদ্যালয়ের মানবিক বিভাগের সাবিকুর আহম্মেদ ও হাছান মিয়াকে বহিষ্কার এবং দায়িত্বে অবহেলার কারণে ২ পর্যবেক্ষক ফরদাবাদ আদর্শ উচ্চ বিদ্যালয়ের শিক্ষক মো. ইউছুফ ভূইয়া ও পূর্বহাটি ক্যাপ্টেন এবি তাজুল ইসলাম উচ্চ বিদ্যালয়ের শিক্ষক জাফর আহম্মেদ অব্যাহতি দেওয়া হয়।